বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ

ফোন নং ০২ ২২৩৩৫৬১২০
০২ ২২৩৩৮৯১৬৯
Email:dgmrsd@krishibank.org.bd

বিকেবি/প্রকা/গবে ও পরি- ৪৬(৫)/CIB ONLINE/২০২২-২০২৩/ ৭৪

তারিখঃ ২৫/০৭/২০২২

১। উপমহাব্যবস্থাপক(পরিচালন), স্থানীয় মুখ্য কার্যালয়;
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়;
৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের এর মাধ্যমে);
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ২১/০৭/২০২২ তারিখের সিআইবি সার্কুলার লেটার নং ০৩/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা হলো (কপি সংযুক্ত)।

০২। বর্ণিত পত্রে সিআইবি অনলাইন সিস্টেমে মিথ্যা/ভুল তথ্য প্রদান করা হলে বা তথ্য গোপন প্রমানিত হলে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বা দায়ী কর্মকর্তা(গণ)কে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা হতে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত জরিমানা আরোপ করা হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বিষয়টি ব্যাংকের ভাবমূর্তি সংশ্লিষ্ট বিধায় অত্যন্ত জরুরি ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।

আপনার বিশ্বস্ত,

25/07/2022

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়;
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ(ব্যাংকের ওয়েবসাইটে পত্রটি আপলোড করার অনুরোধসহ)।
০৫। অফিস নথি।

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ক্রেডিট ইনফরমেশন ব্যুরো**


সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২২

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload-এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।**

সিআইবি অনলাইন কার্যক্রম পরিচালনা সম্পর্কিত সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখ ০৪ মে ২০১১, সিআইবি সার্কুলার নং-০১/২০১৮ তারিখ ২৬ এপ্রিল ২০১৮ এবং সিআইবি সার্কুলার লেটার নং-০১/২০২২ তারিখ ১৬ জানুয়ারি ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকিং খাতের ঋণ শৃঙ্খলা সুসংহত করার নিমিত্তে সর্বসময়ে সিআইবি তথ্যভান্ডারের সঠিকতা বজায় রাখা ও হালনাগাদ তথ্য সংরক্ষণ একান্ত আবশ্যক। উল্লেখ্য, সিআইবি সার্কুলার নং-০২/২০১১-তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে ও যথাযথভাবে সিআইবি অনলাইন সিস্টেমে তথ্য প্রদান করা না হলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নির্দেশনা রয়েছে। এক্ষণে, সিআইবি তথ্যভান্ডারের উচ্চমান নিশ্চিতকল্পে উপর্যুক্ত সার্কুলারসমূহের নির্দেশনা যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ এর ৪ এবং ৬ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলোঃ

৪। Uploaded তথ্যের মধ্যে ভুল/মিথ্যা তথ্য প্রদান কিংবা তথ্য গোপন করা হলেঃ

কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Uploaded মাসিক বকেয়া ঋণ তথ্যের কোন অংশ মিথ্যা/ভুল পরিলক্ষিত হলে এবং তথ্য গোপন প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, কিংবা, ক্ষেত্রমতে, উক্তরূপ মিথ্যা/ভুল তথ্য দাখিলকারী কর্মকর্তা(গণ) বা তথ্য গোপনের জন্য দায়ী কর্মকর্তা(গণ)-কে ন্যূনতম ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা জরিমানা আরোপ করা হবে।

৬। জরিমানা আদায়ের পদ্ধতিঃ

(ক) নির্ধারিত সময়ে Monthly Batch Contribution বা Error File এর প্রয়োজনীয় সংশোধন করতে ব্যর্থ হলে বিলম্ব দিনের সংখ্যা, ভুল/মিথ্যা তথ্য প্রদানের প্রকৃতি ও মাত্রা অনুযায়ী এবং ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের বিষয় উদ্‌ঘাটিত হলে জরিমানার কারণ এবং জরিমানার টাকার পরিমাণ উল্লেখপূর্বক ব্যুরো হতে উক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বা দায়ী কর্মকর্তা(গণ)-কে পত্র প্রেরণ করা হবে এবং উক্ত জরিমানার টাকা কেন আদায় করা হবে না মর্মে ব্যাখ্যা তলব করা হবে।

(খ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কিংবা কর্মকর্তা(গণ) কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক না হলে জরিমানা আরোপের বিষয়টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কিংবা কর্মকর্তা(গণ)-কে জানিয়ে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জরিমানার অর্থ পরিশোধের জন্য পত্র দেয়া হবে।

(গ) নির্ধারিত সময়ের মধ্যে জরিমানার অর্থ পরিশোধের ব্যর্থতায় কোনরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের হিসাব বিকলন করে তা' আদায় করা হবে। দায়ী কর্মকর্তা(গণ)-এর

চলমান পাতা/০২

ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এরূপ কর্তনকৃত জরিমানার অর্থ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত কর্মকর্তা(গণ)-এর নিকট হতে আদায় করে অত্র বিভাগকে অবহিত করবে।

০৩। Bangladesh Bank Order, 1972 এর Chapter-IV, Article 48 এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনিছুর রহমান)
পরিচালক (পরিসংখ্যান)
ফোনঃ ৯৫৩০১৩৩